ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৭৪

আগরতলা, ১ আগস্ট,২০২৫

**নার্সিং কলেজের দ্বিতীয় প্রতিষ্ঠা দিবসে অর্থমন্ত্রী**
**মানুষ যেন নিজের জেলাতেই সঠিক স্বাস্থ্য পরিষেবা পান**
**সেদিকে লক্ষ্য রেখে স্বাস্থ্যকেন্দ্রগুলির আধুনিকীকরণ করা হচ্ছে**

চিকিৎসা কেন্দ্রে একজন রোগীকে সঠিক সময়ে ওষুধ দেওয়া, অন্যান্য পরিচর্যা করা এবং মানসিক শক্তি বাড়াতে নার্সগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। কোনও জরুরি পরিস্থিতির সৃষ্টি হলেও নার্সগণ বিশেষ ভূমিকা পালন করেন। তাই বর্তমান রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নতি ও অগ্রগতির সাথে সাথে রাজ্যের নার্সিং পরিষেবার উন্নয়নেও বিশেষ ভূমিকা গ্রহণ করেছে। এই প্রচেষ্টার অঙ্গ হিসেবে পুরোনো নার্সিং কলেজটিকে ২০২৩-২৪ অর্থবছরে বি.এস.সি. নার্সিং কলেজে উন্নীত করা হয়েছে। আজ আই.জি.এম. হাসপাতালে আগরতলা সরকারি নার্সিং কলেজের দ্বিতীয় প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। নার্সিং কলেজের ফ্লোরেন্স নাইটিঙ্গেল অডিটোরিয়ামে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বক্তব্য রাখতে গিয়ে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা নিজে একজন চিকিৎসক। তিনি স্বাস্থ্য দপ্তরের দায়িত্বও পালন করছেন। মুখ্যমন্ত্রী রাজ্যের প্রতিটি জেলায় স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছেন। প্রতিটি জেলার মানুষ যেন নিজের জেলাতেই সঠিক স্বাস্থ্য পরিষেবা পান সেদিকে লক্ষ্য রেখে স্বাস্থ্যকেন্দ্রগুলির আধুনিকীকরণ করা হচ্ছে। বহির্রাজ্যে না গিয়ে রোগীরা যেন রাজ্যেই বিশেষজ্ঞ চিকিৎসকের পরিষেবা পান তারজন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। ফ্লোরেন্স নাইটিঙ্গেলের প্রতি শ্রদ্ধা জানিয়ে রোগীর পরিষেবায় নিজেদের আরও বেশি করে উৎসর্গ করতে অর্থমন্ত্রী নার্সদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, রোগীর পরিবার পরিজন চিকিৎসা কেন্দ্রে নার্সদের উপর বিশেষভাবে ভরসা করেন। এই ভরসার জায়গাটি অটুট থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন।। তিনি নার্সিং কলেজের সার্বিক সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা. অঞ্জন দাস এবং মেডিক্যাল এডুকেশনের অধিকর্তা প্রফেসর (ডা.) হরপ্রসাদ শর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা প্রফেসর (ডা.) তপন মজুমদার। স্বাগত বক্তব্য রাখেন নার্সিং কলেজের প্রিন্সিপাল ডা. মৈত্রী চৌধুরী। অনুষ্ঠানে তথ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে নার্সিং কলেজের ২ বছরের অগ্রগতির চিত্র তুলে ধরা হয়। কলেজের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সেমিস্টারে সফল মেধাবী ছাত্রীদের সংবর্ধনা দেওয়া হয়। এর পাশাপাশি অবসরপ্রাপ্ত ৪ জন নার্সকেও সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় সহ অন্যান্য অতিথিগণ তাদের হাতে সংবর্ধনা স্মারক তুলে দেন। অতিথিগণ কলেজের বার্ষিক ম্যাগাজিনের মলাট উন্মোচন করেন।

*****